



পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে প্রদত্ত ভোট ৮১% ছাড়াতে পারে: কংগ্রেস ও সি পি এম-এর ৬১১ টি বুথে পুনরায় ভোট দাবী

আগরতলা, এপ্রিল ১১: পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের ভোটার টার্ন-আউট শেষ পর্যন্ত ৮১ শতাংশ ছাড়াতে পারে।

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসারের অফিস থেকে প্রাপ্ত খবর অনুযায়ী, রাত ৯ টায় বহু জায়গায় থেকে চূড়ান্ত রিপোর্ট আসেনি।

রাত নয়টায় এই খবর লেখা পর্যন্ত প্রাপ্ত খবর অনুযায়ী, পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের ভোটকে কেন্দ্র করে প্রায় শতাধিক অভিযোগ জমা পাড়েছে রিটার্নিং ফিসারের কাছে। এর মধ্যে অধিকাংশ অভিযোগই জমা পড়েছে সিপিএম-এর পক্ষ থাকে। সিপিএম লিখিত ও মৌখিক ভাবে কম করেও ৫০ টি-র অধিক অভিযোগ জমা করেছে।

দ্বিতীয় সবচেয়ে বেশি অভিযোগ জমা করেছে কংগ্রেস দল। কংগ্রেস দল ৩০ টি-র মতো অভিযোগ জমা করেছে। তবে তাদের অধিকাংশ অভিযোগই গেছে মৌখিক ভাবে। আই পি এফটি ও শাসক দল বি জে পি-র তরফেও বেশ কিছু অভিযোগ জমা পড়েছে। বিজেপি ১৫-টির মতো অভিযোগ জানিয়েছে।

জানাগেছে, বিরোধীদের অধিকাংশ অভিযোগই হচ্ছে, ভোটারদের ভোট গ্রহণ কেন্দ্রে যেতে না দেওয়ার ব্যাপারে। তাছাড়া বেশ কিছু জায়গায় জোর করে বিরোধী দলের ভোটারদের ভোটের লাইন থেকে বের করে দেওয়ারও অভিযোগও গেছে।

সোনামুড়া , বক্স-নগর, কমলাসাগর, বিশালগড়, ধনপুর , কাঞ্চান-মালা মান্দাই, টাকারজলা , গোলাঘাটি থেকে অভিযোগ এসেছে যে, এই সব এলাকার সংখ্যালঘু ভোটারদের ভোট গ্রহণ কেন্দ্রে যেতে বাধা দেওয়া হয়েছে।



তাছাড়া, ভোট কে কেন্দ্র করে গোলমালের খবর এসেছে টাকারজলা, মান্দাই , চড়িলাম, জিরানিয়া, বিশালগড়, শহরের রামনগর, ছয় আগরতলা বিধানসভা কেন্দ্র, ধনপুর, মোহনপুর ও বামুটিয়া এলাকা থেকে। এর মধ্যে উদয়পুরের ব্রহ্মছড়ায় আইপি এফটি-র দুষ্কৃতীদের হামলায় ছয় জন বি জে পি কর্মী ও চড়িলামের ১৮ নং বুথে কংগ্রেস ও বি জে পি কর্মীদের মধ্যে সংঘর্ষে আট জন বি জে পি কর্মী আহত হয়েছে।

পশ্চিম আসনের রিটার্নিং অফিস থেকে বলা হয়েছে , কংগ্রেস দল ১৫১ টি ও সিপিএম ৪৬০ টি বুথে পুনঃ ভোট চেয়েছে। নির্বাচন দপ্তর আগামীকাল এসব অভিযোগের স্কাটিনী করে উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করবে বলে কমিশন সূত্রে বলা হয়েছে।